

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১১

আগরতলা, ২৯ এপ্রিল, ২০ ১৮

রামঠাকুর বালিকা উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে প্রধানমন্ত্রীর
মন কি বাত শোনার অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী

আমাদের দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীজি মন কি বাত অনুষ্ঠানের মাধ্যমে আজ দেশবাসীর প্রতি ভাষণ প্রদান করেন। সেই উপলক্ষ্যে আজ রামঠাকুর বালিকা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে প্রধানমন্ত্রীর মন কি বাত অনুষ্ঠান শোনার আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে রাজ্যের মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব উপস্থিত ছিলেন এবং রেডিও-র মাধ্যমে প্রধানমন্ত্রীর মন কি বাত অনুষ্ঠান শুনেন। প্রধানমন্ত্রীর ভাষণ শোনার পর মুখ্যমন্ত্রী উপস্থিত জনগণের উদ্দেশ্যে বলেন, প্রধানমন্ত্রী মন কি বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরেন। আজ তিনি মন কি বাত অনুষ্ঠানে দেশব্যাপী রবীন্দ্র জন্মজয়ন্তী পালনের উপর গুরুত্ব আরোপ করেন। এই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী শ্রী দেব বলেন, রবীন্দ্রনাথ বিশ্বকবি। আমাদের রাজ্যের সঙ্গে বিশ্বকবির আত্মিক সম্পর্ক ছিলো। তাই তিনি বারংবার আমাদের রাজ্যে এসেছেন। আমাদের রাজ্যের রাজকাহিনী নিয়ে উপন্যাস, নাটক লিখেছেন। রবীন্দ্রনাথের ভাবনা-চিন্তাকে নতুন প্রজন্মের কাছে আরও বেশি করে তুলে ধরার জন্য গুরুত্ব আরোপ করেন মুখ্যমন্ত্রী এবং এ বছর আমাদের রাজ্যের প্রতিটি গ্রামে রবীন্দ্র জন্মজয়ন্তী পালন করার আহ্বান জানান। প্রধানমন্ত্রী মন কি বাত অনুষ্ঠানে বুদ্ধ, পয়গম্বরের আদর্শ নিয়ে আলোচনা করেন। প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর নেতৃত্বে পোখরানে পরমাণু বোমা বিস্ফোরণের ২০ বছর পূর্তি উপলক্ষ্যে আলোচনা করেন এবং বৃষ্টির জলকে ধরে রেখে কিভাবে সেচের কাজে ব্যবহার করা যেতে পারে সেই বিষয়েও আলোচনা করেন। এই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, ২০১৪ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীজির নেতৃত্বে কেন্দ্রীয় সরকার গঠন হওয়ার পর রেগার বরাদ্দ বাড়িয়ে দিয়েছিলেন। রেগার মাধ্যমে যাতে স্থায়ী সম্পদ সৃষ্টি হয় এবং তা মানুষের কাজে লাগে সেই বিষয়ে গুরুত্ব আরোপ করেন প্রধানমন্ত্রী। মুখ্যমন্ত্রী বলেন, আমরাও রাজ্যে রেগার মাধ্যমে সম্পদ সৃষ্টির উপর গুরুত্ব দিয়ে কাজ করছি। বৃষ্টির জলকে ধরে রেখে কৃষিতে সেচের কাজে কিভাবে ব্যবহার করা যায় সেই লক্ষ্যেও কাজ করছি। তিনি উপস্থিত জনগণের উদ্দেশ্যে বলেন, প্রধানমন্ত্রীর মন কি বাত সবাইকে গুরুত্ব ও মনোযোগ সহকারে শুনতে হবে। কারণ মন কি বাতের মাধ্যমে প্রধানমন্ত্রী কি চাইছেন এবং দেশের কল্যাণে কি কি করতে চাইছেন তা জানা সম্ভব হয়।
